

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 08.10.2024**

**Time: 7.35A.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) জয়নগর কান্ডে আজ নির্যাতিতার দেহ নিয়ে মিছিলের ডাক দিয়েছেন এলাকাবাসী। গতকাল কল্যাণী জেএনএম হাসপাতালে শিশুটির ময়না তদন্ত সম্পন্ন হয়েছে।
- ২) আর জি করে ধৰ্ষণ ও খুনের ঘটনায় সিবিআই প্রাথমিক চার্জশিট জমা দিয়েছে। আজ প্রতীকি অনশন পালিত হবে রাজ্যের সব মেডিকেল কলেজ ও হাসপাতালে। বিকেলে দাক দেওয়া হয়েছে মহামিছিলের।
- ৩) সরকারি হাসপাতালে রোগী রেফার সংক্রান্ত সমস্যার অবসান ঘটাতে রাজ্য এবার 'সেন্ট্রাল রেফারেল সিস্টেম' চালু হচ্ছে।
- ৪) রাজ্য সরকার বীরভূমের খয়রাশোলে কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় মৃতদের পরিবার প্রতি ৩২ লক্ষ টাকা করে অর্থ সহায়তা দেবে বলে জানিয়েছে।
- ৫) বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা মিঠুন চক্রবর্তীকে আজ দাদাসাহেব ফালকে সম্মান প্রদান করবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু।

দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে চার বছরের শিশুর ঘৌন নির্যাতন ও খুনের ঘটনায় ক্ষেত্রে ফুঁসছেন এলাকার বাসিন্দারা। কলকাতা হাইকোর্টের নির্দেশে গতকাল কল্যাণীর

জেএনএম হাসপাতালে শিশুটির ময়না তদন্ত করা হয়। আমাদের জেলা সংবাদাদাতার  
একটি প্রতিবেদন,

### ভয়েসকাস্ট

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জয়নগরের ঘটনার তদন্তে কেন্দ্রের প্রতিনিধি  
দল পাঠানোর আর্জি জানান। তিনি বলেন,

### বাইট সুকান্ত

---

আরজি করে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার ৫৮ দিনের  
মাথায় প্রাথমিক চার্জশিট পেশ করেছে সিবিআই। শিয়ালদহ আদালতে গতকাল ৪৫  
পাতার চার্জশিট দাখিল করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। সিবিআই সূত্রের দাবি, ডাক্তারি  
ছাত্রীকে ধর্ষণ-খুনের মামলায় মূল অভিযুক্ত হিসাবে চার্জশিটে নাম রয়েছে ধৃত সিভিক  
পুলিশ সঞ্জয় রাইয়ের। একই সঙ্গে তথ্যপ্রমাণ লোপাটের সপক্ষে একাধিক নথি ও  
আদালতে দাখিল করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

আর জি কর কান্তে ন্যায় বিচার চেয়ে এবং নিরাপত্তার দাবিতে আন্দোলনকারী  
জুনিয়র ডাক্তারদের অনশ্বন তুলে কাজে ফেরার বার্তা দিলেন মুখ্য সচিব মনোজ পন্থ।  
নবান্নে গতকাল তিনি জানান, সুপ্রিম কোর্টের গাইডলাইন মেনে রাজ্য সরকার  
দ্রুতগতিতে কাজ করছে। সামগ্রিকভাবে ১০ই অক্টোবরের মধ্যে ৯০ শতাংশ কাজ শেষ  
হয়ে যাবে। নিরাপত্তা সংক্রান্ত কাজের জন্য মোট ১১৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল।  
প্রয়োজনে আরো অর্থ বরাদ্দ করা হবে। সব ঠিকঠাক থাকলে পয়লা নভেম্বরের থেকেই  
প্যানিক বটন চালু হয়ে যাবে। সাধারণ মানুষকে পরিষেবা দেওয়ার স্বার্থেই  
চিকিৎসকদের কাজে ফেরার আহ্বান জানান তিনি।

### বাইট - পন্থ

আরজিকর কাণ্ডের ন্যায় বিচার সহ ১০ দফা দাবিতে ধর্মতলা চতুরে জুনিয়র ডাক্তারদের আমরণ অনশন কর্মসূচি ইতিমধ্যে দুদিন পার করেছে। অনশন মধ্য থেকে গতকাল ফের একাধিক কর্মসূচির কথা ঘোষণা করেছে জুনিয়র ডক্টর্স' ফন্ট। আজ সকাল ৯টা থেকে ১২ ঘণ্টা প্রতীকী অনশনের ডাক দিয়েছেন তাঁরা। জুনিয়ার ডক্টর্স' পক্ষ থেকে ডঃ দেবাশীষ হালদার জানান,

বাইট- দেবাশীষ

অনশনরত চিকিৎসক অনুষ্ঠুপ মুখোপাধ্যায় অনশন মধ্য থেকে জানিয়েছেন,

বাইট- অনুষ্ঠুপ

আজ ফের মহামিছিলের ডাক দেওয়া হয়েছে সংগঠনের পক্ষ থেকে। কলেজ স্কোয়ার থেকে শুরু হয়ে মিছিল যাবে ধর্মতলা পর্যন্ত।

---

অনশনের দ্বিতীয় দিনে গতকাল জুনিয়ার ডাক্তারদের সঙ্গে পুলিশের বচসা বাধে। অভিযোগ, অনশন মধ্যে বসার জন্য যে চৌকি আনা হয়েছিল, তা বাজেয়াপ্ত করেছে পুলিশ। বৌবাজার থানার সামনে জুনিয়ার ডাক্তাররা স্নোগান দিতে শুরু করেন। বসে পড়েন থানার মূল গেটের সামনেও। তবে শেষমেষ চৌকিগুলি ছাড়তে পুলিশ বাধ্য হয়। পুলিশের বক্তব্য ঐ রাস্তায় ভ্যান চালানোর অনুমতি নেই। এরপর ডাক্তাররা নিজেরাই কাঁধে করে অনশন মধ্যে চৌকিগুলি নিয়ে যান।

এর আগে বায়ো ট্যালেট বসানো নিয়েও পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ ওঠে।

সরকারি হাসপাতালে রোগী রেফার সংক্রান্ত সমস্যার অবসান ঘটাতে রাজ্য এবার কেন্দ্রীয় ভাবে রেফার করার ব্যবস্থা বা 'সেন্ট্রাল রেফারেল সিস্টেম' চালু হচ্ছে। পাইলট প্রকল্প হিসাবে দক্ষিণ ২৪ পরগনা জেলার হাসপাতালগুলিতে এই প্রক্রিয়া চালু হচ্ছে। যার জন্য প্রশিক্ষণ পর্ব ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। জানা গিয়েছে, এই ব্যবস্থা যদি সফল হয় তাহলে চলতি বছর নভেম্বর থেকেই রাজ্য জুড়ে 'সেন্ট্রাল রেফারেল সিস্টেম' চালু করা হবে। আরজি কর হাসপাতালের ঘটনার পর জুনিয়র চিকিৎসকদের তরফে যে দশ দফা দাবি তোলা হয়েছে তার মধ্যে এই সেন্ট্রাল রেফারেল সিস্টেম অন্যতম। এবার সেই দাবি মেনে নিল রাজ্য সরকার।

বীরভূমের খয়রাশোলে কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় মৃতদের পরিবার পিছু রাজ্য সরকার ৩২ লক্ষ টাকা করে অর্থ সহায়তা দেবে। একইসঙ্গে প্রতিটি পরিবারের একজনকে হোমগার্ডের চাকরি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্নে গতকাল মুখ্যসচিব মনোজ পন্থ জানান, আহতদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। শ্রী পন্থ বলেন, ঘটনার পরই প্রশাসন ও বিদ্যুত্ দপ্তরের আধিকারিকরা সেখানে পৌঁছন। উপযুক্ত পদক্ষেপ গ্রহণের পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধীনে থাকা এই খনিতে কিভাবে দুর্ঘটনা ঘটল, তা খতিয়ে দেখা হচ্ছে। জেলা প্রশাসনের কাছ থেকে বিস্তারিত রিপোর্ট চাওয়া হয়েছে। মুখ্যসচিব বলেন, বিদ্যুত্ উন্নয়ন নিগমের তরফ থেকে ৩০ লক্ষ টাকা আর্থিক সাহায্য ছাড়াও রাজ্য সরকারের পক্ষ থেকে ২ লক্ষ টাকা করে দেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

আগেই জানানো হয়েছে, গতকাল সকালে কয়লাখনিতে বিস্ফোরণ ঘটানোর জন্য ব্যবহৃত ডিটোনেটার ট্রাক থেকে নামানোর সময় প্রবল বিস্ফোরণ ঘটে। একটি

বেসরকারি সংস্থা লিজ নিয়ে এই খনন কাজ চালাচ্ছিল। বিফোরণের তীব্রতা এতটা ছিল যে, সেখানে উপস্থিত শ্রমিকদের দেহ ছিন্ন ভিন্ন হয়ে যায়। প্রায় ৫০০ মিটার দূরে গিয়ে পড়ে দেহাংশ। শ্রমিকদের পরিবারের পক্ষ থেকে পুলিশের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। ঘটনায় ৬ শ্রমিকের মৃত্যু হলেও বেসরকারি মতে মৃতের সংখ্যা আরও বেশি।

---

বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা মিঠুন চক্রবর্তীকে আজ দাদাসাহেব ফালকে সম্মানে ভূষিত করা হবে। নতুন দিল্লীতে আয়োজিত ৭০ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু, তাঁকে এই সম্মান প্রদান করবেন। মিঠুন চক্রবর্তীকে ভারতীয় চলচ্চিত্র জগতের সর্বোচ্চ সম্মান দেওয়া হবে তাঁর অনবদ্য কাজের জন্য। একইসঙ্গে অনিবৃত্ত ভট্টাচার্য এবং পার্থিব ধরের 'কিশোর কুমারঃ দ্য আল্টিমেট বায়োগ্রাফি', সিনেমার ওপর লেখা শ্রেষ্ঠ বই হিসাবে নির্বাচিত হয়েছে।

বাংলায় শ্রেষ্ঠ ছবি হিসাবে সম্মান পেতে চলেছে কৌশিক গাঙ্গুলী পরিচালিত ছবি কাবেরী অন্তর্ধান। এছাড়াও প্রোডাকশন ডিজাইনিং বিভাগে পুরস্কার পাবে অনিক দত্ত পরিচালিত অপরাজিত।

বাংলা ছবির ক্ষেত্রে না হলেও দুই বাঙ্গালী পুরস্কার পাচ্ছেন। সঙ্গীত পরিচালক হিসাবে প্রীতম চক্রবর্তী এবং পুরুষ গায়ক হিসাবে অরিজিত সিং আজ জাতীয় পুরস্কার পাবেন।

---

গ্রন্থাবলী কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের প্ল্যাটিনাম জয়ন্তী উপলক্ষে গতকাল এক বিশেষ স্মারক ডাকটিকিট প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় এর সিনেট হলে এর আনুষ্ঠানিক প্রকাশ করেন রেজিস্ট্রার dr দেবাশীষ দাস। এই উপলক্ষে সাংবাদিকতা বিভাগের স্মার্ট ক্লাস রুমে একটি ফলকের উন্মোচন করেন উপাচার্য dr

শান্তা দত্ত। পরে তাঁর বক্তব্যে তিনি নিরপেক্ষ সাংবাদিকতার শুরুত্ব দেন। তিনি জানান সাংবাদিকতা বিভাগের মান উন্নয়নে বিশ্ববিদ্যালয় নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বিভাগীয় প্রধান ডক্টর পীযুষ কান্তি পানিগ্রাহী জানান, ৭৫বেছর উপলক্ষে বর্ষ ব্যাপী বিভিন্ন শিক্ষা মূলক কর্মসূচির আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে এক বর্ণাত্য পদযাত্রা কলেজ স্ট্রিট ক্যাম্পাস থেকে সুবোধ মল্লিক স্কয়ারে রাজা সুবোধ মল্লিক এর বাস ভবন পর্যন্ত যায়। পদ যাত্রায় অংশ নেন উপাচার্য dr শান্তা দত্ত, রেজিস্ট্রার dr দেবাশীষ দাস, বিভাগীয় প্রধান dr পীযুষ কান্তি পানিগ্রাহী, অধ্যাপক ডক্টর সৌমেন্দ্রনাথ বেরা, প্রবীণ সাংবাদিক রথীনন্দ মোহন বন্দ্যোপাধ্যায়, মেহাশীষ সুর প্রমুখ।

---

শারদীয়া দুর্গোত্সবের আজ পঞ্চমী। পঞ্জিকা মতে পুজো শুরু না হলেও অধিকাংশ মন্দপই সাধারণের জন্য খুলে দেওয়ায় রাতভর কলকাতার রাজপথ ছিল উৎসব মুখর। প্যান্ডেলে প্যান্ডেলে দর্শনার্থীদের ভীড় ছিল নজর কারার মতো। স্বাভাবিকভাবেই ভীড় বেড়েছে মেট্রো, বাস এবং শহরতলির ট্রেনে। নেওয়া হয়েছে কড়া নিরাপত্তা ব্যবস্থা।

---

পেশাদার প্রতিযোগিতা থেকে আনুষ্ঠানিক অবসরের কথা ঘোষণা করেছেন ভারতীয় জিমন্যাস্ট দীপা কর্মকার। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে নিজের অবসরের কথা জানিয়ে দীপা লিখেছেন, অনেক ভাবনা চিন্তার পরই তিনি এই সিদ্ধান্ত নিয়েছেন। ২০১৬-র রিও অলিম্পিক্সে জিমন্যাস্টিক্সে মহিলাদের ভল্ট ইভেন্টে অঞ্চের জন্য পদক জিততে পারেননি তিনি। ৩১ বছরের জিমন্যাস্ট প্যারিস অলিম্পিক্সের যোগ্যতা অর্জন করতে পারেননি।

উল্লেখ্য, ২০১৪ সালে প্লাসগোতে কমনওয়েলথ গেমসের ভল্ট বিভাগে জিমন্যাস্টিকসে তিনিই ছিলেন প্রথম ভারতীয় মহিলা যিনি ব্রোঞ্জ পেয়েছিলেন। ২০১৫-র এশীয় চ্যাম্পিয়নশিপেও ব্রোঞ্জ পান তিনি।

---